



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষি ভবন
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
(সবজি বীজ বিভাগ)
www.badc.gov.bd

কৃষিই সমৃদ্ধি

স্মারক নং-১২.০৬.০০০০.২৮১.৩৭.০৪৬.২৫.১৬

তারিখ: ১১ আগস্ট ২০২৫

বিষয়: ২০২৫-২৬ উৎপাদন বর্ষে গ্রীষ্মকালীন পেঁয়াজের বীজ থেকে বাব্বলেট উৎপাদন কর্মসূচি।

সবজি বীজ বিভাগের মাধ্যমে ২০২৫-২৬ উৎপাদন বর্ষে ৮৭৫ ব:মি: জমিতে ২১০০ কেজি পেঁয়াজে বাব্বলেট উৎপাদনের কর্মসূচি এতদ্বারা জারি করা হলো। পেঁয়াজ বীজের বাব্বলেট উৎপাদন কার্যক্রমের বিস্তারিত বিবরণ 'পরিশিষ্ট-ক' তে দেয়া হলো।

সংশ্লিষ্ট অফিস প্রধানকে স্ব-স্ব কেন্দ্রের উৎপাদন কার্যক্রম সার্বিকভাবে বাস্তবায়নের নিমিত্ত নিম্নোক্ত পদক্ষেপসমূহ গ্রহন করতে হবে।

১। জরুরী ভিত্তিতে সবজি বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র, মিরপুর, ঢাকা দপ্তর থেকে বরাদ্দকৃত পেঁয়াজ বীজ সংগ্রহ নিশ্চিত করবেন।

২। বীজ উৎপাদন কর্মসূচি বাস্তবায়নে মসলা গবেষণা কেন্দ্রের গ্রীষ্ম কালীন বাব্বলেট উৎপাদন প্রযুক্তি অনুসরণ করবেন।

৩। বাব্বলেট বীজ উৎপাদনের লক্ষ্যে যথাসময়ে জমি তৈরি, জৈব ও রাসায়নিক সার ব্যবহার, সময়মত বীজ বপন এবং অন্যান্য আন্তঃপরিচর্যা করার বিষয়ে সচেতন থাকবেন।

৪। সংশ্লিষ্ট উপপরিচালকগণ তাদের বীজ ফসলের অঞ্জাজ বৃদ্ধির বিভিন্ন পর্যায়ে ও বীজ সংগ্রহের পূর্বে সংশ্লিষ্ট কমিটির মাধ্যমে মাঠ পরিদর্শনের মাধ্যমে মাঠমান নিশ্চিত করবেন এবং সম্ভাব্য পেঁয়াজ ও বাব্বলেট প্রাপ্তির পরিমাণ যথাসময়ে যুগ্মপরিচালক (সবজি বীজ) বিএডিসি, ঢাকা এর নিকট প্রেরণ করবেন।

৫। পেঁয়াজ বাব্বলেট উৎপাদনকারী উপপরিচালকগণ পেঁয়াজ বাব্বলেট সংগ্রহ পূর্বক পেঁয়াজ হিমাগার, বিএডিসি, ফরিদপুরে প্রেরণ করবেন।

৬। যুগ্মপরিচালক (সবজি বীজ) বিএডিসি, ঢাকা, এর সার্বিক তত্ত্বাবধানে সামগ্রিক কার্যক্রম বাস্তবায়িত হবে।


৭। সংশ্লিষ্ট সকলকে নিষ্ঠার সাথে পেঁয়াজ বাব্বলেট বীজ উৎপাদন কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।

৮। জাতগুলি একেবারে নতুন হওয়ায় এর জাত বিশুদ্ধ করনের বিষয়টি নিশ্চিত করতে হবে।

৯। উৎপাদিত বাব্বলেট এর মূল্য সবজি বীজ বিভাগ কর্তৃক খামার বিভাগকে প্রদান যোগ্য হবে।

১০। উর্ধতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী পেঁয়াজ বীজ উৎপাদন সংক্রান্ত সমস্ত খরচ খামার বিভাগ বিভাগ থেকে প্রদান যোগ্য হবে। ('পরিশিষ্ট-খ')

সংযুক্তি: বর্ণনামতে, পেঁয়াজ বীজ থেকে বাব্বলেট উৎপাদন কার্যক্রমের বিস্তারিত বিবরণ ('পরিশিষ্ট-ক'-১) কপি।


মো: আবীর হোসেন
মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা

অনুলিপি (কার্যার্থে):

১। অতিরিক্ত মহাব্যবস্থাপক (খামার), বিএডিসি, ঢাকা। উর্ধতন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত স্মারক নং তারিখ মোতাবেক প্রয়োজনীয় অর্থের সংস্থান নিশ্চিত করবেন।

২। উপপরিচালক (খামার), বীজ উৎপাদন খামার, বিএডিসি, টেবুনিয়া/তাম্বুলখানা//গোকুলনগর।

৩। উপপরিচালক (সবজি বীজ), সবজি বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র, গাবতলী, মিরপুর, ঢাকা। জরুরী ভিত্তিতে সংশ্লিষ্ট খামারসমূহে উৎপাদন লক্ষ্যমাত্রা ও জাত অনুযায়ী পেঁয়াজ বীজ সরবরাহ করার জন্য বলা হলো।

৪। কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

৫। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ বিভাগ, বিএডিসি, ঢাকা।


অনুলিপি (জ্ঞাতার্থে):


১। মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি, ঢাকা।


২। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

২০২৫-২৬ উৎপাদন বর্ষে গ্রীষ্মকালীন পেঁয়াজ বীজের বাবুলেট উৎপাদন কার্যক্রমের বিভাজন

পেঁয়াজ বীজ ও পেঁয়াজ বাল্ব বীজ উৎপাদনকারী খামার	ফসলের নাম	জাতের নাম	ব্যবহৃত পেঁয়াজ বীজের পরিমাণ (কেজি)	বীজ তলার পরিমাণ (বর্গ মিঃ)	বীজ থেকে বাবুলেট উৎপাদন লক্ষ্যমাত্রা (কেজি)
বীজ উৎপাদন খামার, টেবুনিয়া	পেঁয়াজ বাল্ব বীজ	বারি পেঁয়াজ-৫	৩	২৫০	৬০০
		বিএডিসি ০০১	১.৫০	১২৫	৩০০
বীজ উৎপাদন খামার, তাম্বুলখানা	পেঁয়াজ বাল্ব বীজ	বারি পেঁয়াজ-৫	৩	২৫০	৬০০
		বিএডিসি ০০৬	১.৫০	১২৫	৩০০
বীজ উৎপাদন খামার, গোকুলনগর	পেঁয়াজ বাল্ব বীজ	বিএডিসি ০০৬	১.৫০	১২৫	৩০০
মোট			১০.৫০	৮৭৫	২১০০


১৯.০৬.২০২৫
(মীর সাদ্দা আলতার সীমা)
সি:সহকারী পরিচালক (সবজি বীজ)
বিএডিসি, ঢাকা


২২.০৬.২০২৫
(মেহবাহউদ্দিন আহমেদ)
যুগ্মপরিচালক (সবজি বীজ)
বিএডিসি, ঢাকা


২২/৬/২৫
(মো. আবীর হোসেন)
মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা